# 2023

# BENGALI

## Full Marks – 80

## Time – 3 Hours

***General Instructions :***

*(i) Answer all the questions as directed both parts of the question paper are compulsory.*

*(ii) Write the number of the question before attempting it.*

*(iii) Write the answers neatly and legibly.*

*(iv) Figures in the margin indicate marks.*

### 'ক'-বিভাগ

১। নিম্নলিখিত গদ্যাংশটি ভালভাবে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ

রাশিয়া ২০২২ সালের ২৪শে ফেব্রুয়ারি ইউক্রেন আক্রমণ করে। এটি দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে ইউরোপের সবচেয়ে বড় সংকটের সূত্রপাত করে। ৮.৮ মিলিয়নেরও বেশি ইউক্রেনীয় দেশ ছেড়েছে এবং লক্ষাধিক অভ্যন্তরীণ ভাবে বাস্তুচ্যুত হয়।

রুশ যুদ্ধবাহিনী রাশিয়া, ক্রিমিয়া ও বেলারুশ থেকে ইউক্রেনে প্রবেশ করে। রাজধানী কিয়েভ খারকিভ ও ওডেসা সহ ইউক্রেনের প্রধান শহরগুলিকে লক্ষ্য করে রুশ বিমান ও ক্ষেপণাস্ত্র দিয়ে হামলা চালায়।

ইউক্রেনের রাষ্ট্রপতি ভলোদিমির জেলেনস্কি দেশব্যাপি সামরিক আইন ঘোষণা করেছেন। রাশিয়া, বেলারুশ ও ইউক্রেনের দুটি বিদ্রোহী অঞ্চল (ক্রিমিয়া ও দোনবাস) থেকে বহুমুখী আক্রমণ শুরু হয়েছিল। চারটি প্রধান সামরিক আক্রমণের রূপ গড়ে উঠেছে, কিয়েভ আক্রমণ, উত্তর পূর্ব ইউক্রেন আক্রমণ, পূর্ব ইউক্রেন আক্রমণ ও দক্ষিণ ইউক্রেন আক্রমণ। রাশিয়ার সামরিক বাহিনী পশ্চিম ইউক্রেনের অনেক দূর পর্যন্ত বিমান ও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। রুশবাহিনী চেরনিহিভ, খারকিভ, খেরসন, কিয়েভ, মারিউপোল ও সুমিসহ মূল বসতি সমূহের কাছে পৌঁছেছে বা অবরোধ করেছে, কিন্তু কঠোর ইউক্রেনীয় প্রতিরোধ ও অভিজ্ঞ লজিস্টিক এবং অপারেশনাল চ্যালেঞ্জ মোকাবিলা করেছে, যা রুশবাহিনীর অগ্রগতিকে বাধা দেয়। আক্রমণ শুরু করার তিন সপ্তাহ পরে রুশ সামরিক বাহিনী দক্ষিণে আরও সাফল্য উপভোগ করেছিল, যার ফলে বেসামরিক হতাহতের সংখ্যা বেড়ে যায়।

জাতিসংঘের হিসাব অনুযায়ী, যুদ্ধ শুরু হওয়ার পর থেকে, উভয় পক্ষের হাজার-হাজার যোদ্ধাসহ কমপক্ষে ৪২৫৩ জন বেসামরিক লোক নিহত এবং ৫১৪১ জন আহত হয়েছে। এছাড়া বাড়িঘর ছেড়ে পালিয়েছে ১ কোটি ৪০ লাখের বেশি মানুষ।

(ক) রাশিয়া কবে ইউক্রেন আক্রমণ করে ? ১

(খ) ইউরোপের সবচেয়ে বড় সংকটের কারণ কী ? ১

(গ) রাশিয়া ও ইউক্রেনের যুদ্ধের এখনও পর্যন্ত কী ফলাফল হয়েছে ? ২

(ঘ) রুশ স্থলবাহিনী ইউক্রেনের প্রধান কোন্‌-কোন্‌ শহরগুলিকে লক্ষ্য করে হামলা চালায় ? ২

(ঙ) জাতিসংঘের হিসাব অনুযায়ী যুদ্ধে নিহত ও আহতের সংখ্যা কত ? ২

২। নিম্নলিখিত সূত্রের সাহায্যে ১০০ টি শব্দের মধ্যে একটি গল্প রচনা কর : ৫

একটি ইঁদুর – এক বিশ্রামরত সিংহকে বিরক্ত করে – সিংহ ইঁদুরটিকে হত্যা করতে উদ্যত হয় – ইঁদুর প্রাণভিক্ষা চায় ও সাহায্যের প্রতিশ্রুতি দেয় – সিংহ জালে ধরা পড়ে – ইঁদুরটি জালের দড়ি কেটে সিংহটিকে মুক্ত করে।

৩। তোমার শারীরিক অসুস্থতার জন্য তুমি তিনদিন বিদ্যালয়ে উপস্থিত থাকতে পারনি। সেই তিনদিনের ছুটি মঞ্জুরির জন্য তোমাদের বিদ্যালয়ের প্রধান শিক্ষক / শিক্ষিকার নিকট একখানা আবেদন পত্র লেখ। (নিজের নাম ও ঠিকানা উল্লেখ করা যাবে না।) ৫

৪। 'তোমার জীবনের লক্ষ্য' অথবা 'কমনওলেথ গেম্‌স ২০২২' সম্বন্ধে কমবেশি ১৫০টি শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ (Paragraph) লেখ। ৫

৫। সন্ধিবিচ্ছেদ কর : (যে কোনো তিনটি) ৩

বিদ্যালয়, সদাচার, পুরস্কার, জগন্নাথ, স্বামী-স্ত্রী

৬। ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর : (যে কোনো দুটি) ২

সিংহাসন, ভাইবোন, রথদেখা, ঠাণ্ডা মাথা

৭। নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন কর : (যে কোনো তিনটি) ৩

(ক) স্টেশন পৌঁছানো মাত্রই গাড়িটা ছেড়ে দিল। (যৌগিক বাক্যে)

(খ) লোকটি দরিদ্র এবং সৎ। (সরল বাক্যে)

(গ) সন্ধ্যা হলে পাখিরা বাসায় ফিরল। (যৌগিক বাক্যে)

(ঘ) ইলিশের মরশুম ফুরাইলে বিপুলা পদ্মা কৃপণ হইয়া যায়। (জটিল বাক্যে)

(ঙ) তিনি ধনী ছিলেন কিন্তু সুখী ছিলেন না। (সরল বাক্যে)

৮। চলিত ভাষায় পরিবর্তন কর : $৪ \times \frac{১}{২} = ২$

পিতা আর্মানি গির্জার ঘড়িতে বারোটা বাজিলেই ঈশ্বরচন্দ্রকে জাগাইতেন, বালক অবিশিষ্ট রাত্রি জাগিয়া পড়া করিতেন।

৯। যথাস্থানে যথাযথ যতিচিহ্ন দাও : $৪ \times \frac{১}{২} = ২$

আমাদের এক চাকর ছিল তাহার নাম শ্যাম শ্যামবর্ণ দোহারা বালক মাথায় লম্বা চুল খুলনা জেলায় তাহার বাড়ী

১০। 'মাথা' অথবা 'কথা' শব্দটিকে ভিন্ন অর্থে প্রয়োগ করে তিনটি পৃথক বাক্যে লেখ। ৩

১১। নিম্নলিখিত শব্দগুলির শুদ্ধ রূপটি লেখ : (যে কোনো তিনটি) ৩

(ক) অমাবস্যা / আমাবস্যা

(খ) বিদ্যান / বিদ্বান

(গ) তারাতারি / তাড়াতাড়ি

(ঘ) প্রতিযোগিতা / প্রতিযোগীতা

(ঙ) নমস্কার / নমষ্কার

## 'খ'-বিভাগ

১২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৩×৩=৯

(ক) "কিন্তু শরীরের দিকে তাকাইবার অবসর কুবেরের নাই।" কুবের কে? তার শরীরের দিকে তাকাইবার উপায় নেই কেন? ১+২=৩

(খ) "পিতা ও কন্যার মাঝখানে এই যে একটুখানি ছলনার অভিনয় হইয়া গেল," – উদ্ধৃত অংশটি কোন গল্পের অন্তর্গত ? এখানে কোন ছলনার অভিনয়ের কথা বলা হয়েছে ? ১+২=৩

(গ) "স্কুল হইতে মাসিক যে বৃত্তি পাইতেন, ইহাতেই তাহা ব্যয় হইত।" – এখানে কার মাসিক বৃত্তি পাওয়ার কথা বলা হয়েছে ? তিনি কিভাবে তা ব্যয় করতেন ? ১+২=৩

১৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে কোনো দুইটি) ২×৩=৬

(ক) "এ পর্য্যন্ত যা বললাম সেগুলি হচ্ছে পল্লীর পুরানো সম্পদ।" – লেখক এখানে কোন্-কোন্ পল্লীর পুরানো সম্পদের কথা উল্লেখ করেছেন, তা সংক্ষেপে বর্ণনা কর। ৩

(খ) "সে ছিল মুক্ত, আমি ছিলাম বন্ধ – মিলনের উপায় ছিল না, সেই জন্য প্রণয়ের আকর্ষণ ছিল প্রবল ।" – এখানে সে ও আমির পরিচয় দাও। উক্তিটির মধ্যে লেখক কী বলতে চেয়েছেন ? ১+২=৩

(গ) "আমরা যথা হইতে আসি, আবার তথায় ফিরিয়া যাই।" – সপ্রসঙ্গ ব্যাখ্যা কর। ৩

১৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৩×৩=৯

(ক) "হিন্দু না ওরা মুসলিম ? ওই জিজ্ঞাসে কোন্ জন ? কাণ্ডারী ! বল, ডুবিছে মানুষ, সন্তান মোর মার।" – উদ্ধৃত অংশটি কোন্ কবির কোন্ কবিতার অংশ ? প্রসঙ্গটি ব্যাখ্যা কর। ১+২=৩

(খ) ''সেঁউতিতে পদ দেবী রাখিতে রাখিতে।
সেঁউতি হইল সোনা দেখিতে দেখিতে।।''
– সেঁউতি কী ? সেটা কিভাবে সোনা হল ? ১+২=৩

(গ) ''এ জগতে হায়, সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি। রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।'' – উদ্ধৃত অংশটি কোন্ কবির কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে ? রাজার হস্ত বলতে কী বোঝানো হয়েছে ? ১+২=৩

১৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ (যে কোন দুইটি) ২+২=৪

(ক) ''সচকিতে বীরবর দেখিলা সম্মুখে'' – বীরবরের পরিচয় দাও। তিনি সম্মুখে কী দেখলেন ? ১+১=২

(খ) ছেলের দল কবিতায় কবি সত্যেন্দ্র নাথ দত্ত ছেলের দলকে 'আশার প্রদীপ' 'আশার খনি' বলে উল্লেখ করেছেন কেন ? ২

(গ) ''বর্ষে-বর্ষে দলে-দলে আসে বিদ্যামঠতলে,
চলে যায় তারা কলরবে।''
– কবিতাটির রচয়িতা কে ? কাদের সম্পর্কে কথাগুলি বলা হয়েছে ? ১+১=২

১৬। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ (যে কোন দুইটি) ২×৩=৬

(ক) ''সে সাধ কোথায় পূর্ণ হল ? তাঁর যে মনের ইচ্ছা মনেই রইল।'' – অংশটি কোন গল্পের অন্তর্গত এবং কার মনের ইচ্ছার কথা বলা হয়েছে ? তাঁর সাধ কী ছিল ? ১+২=৩

(খ) রাণী পদ্মিনী কোন রাজ্যের রাণী ছিলেন ? তাঁর জীবনের অবসান কী ভাবে ঘটেছিল ? ১+২=৩

(গ) ''চল আজ গ্রামে-গ্রামে নগরে-নগরে পশুর সমান ভীলদের শিকার করি গে,'' – কথাটি কে বলেছিলেন ? তিনি ভীলদের সঙ্গে কী রুপ ব্যবহার করেছিলেন ? ১+২=৩

১৭। (ক) বাপ্পাদিত্য গল্পে বাপ্পাদিত্যের পিতা নাগাদিত্যকে পরাজিত করে কিভাবে ভীলেরা ভীলরাজ্য প্রতিষ্ঠা করেছিল, তার সংক্ষিপ্ত বর্ণনা দাও। ৫

*অথবা,*

(খ) ''বৎস দেবতার বরে মৃত্যু হয় না, দেবতার অভিশাপে মৃত্যু হয়, তুমি বর প্রার্থনা কর।'' – উদ্ধৃত উক্তিটি কোন গল্পের অন্তর্গত ? উক্তিটি কে এবং কার উদ্দেশ্যে বলেছেন ? এখানে কী বর চাওয়া হয়েছিল ? ১+১+৩=৫

---